

এপ্রিল ৫, ২০০৭

সমস্ত তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলি
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যাতীত)

মাননীয় মহাশয়,

একক আমানত অ্যাকাউন্টে নামাঙ্কনের সুবিধা

আমাদের বিজ্ঞপ্তি নং DBOD. No. BC.95/09.07.005/2004-05 তারিখ জুন ৯, ২০০৫-এর অনুচ্ছেদ ৯-এর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে, যেখানে ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হয়েছিল আমানতকারীদের নামাঙ্কনের সুবিধা ও জীবিত ব্যক্তিবর্গের সুবিধা বিষয়ে প্রচার ও সাহায্য করতে। আমাদের মনে হয় যদিও এ বিষয়ের উপর যথেষ্ট কাজ করা হয়েছে তবুও ব্যাংকগুলি একক আমানত অ্যাকাউন্ট খুলে চলতে পারে নামাঙ্কন ছাড়াই।

২। এলাহাবাদ হাই-কোর্টের কাছে একটি মামলায়, আদালত বলেছে যে “এটি যুক্তিযুক্ত হবে যদি ভারতীয় রিজার্ভ ব্যাংক এমন একটি নির্দেশিকা জারী করে যে কোনো সংশয় অ্যাকাউন্ট অথবা স্থায়ী আমানত একক নামে খোলা হবে না যদি না তাতে আমানতকারীরা তাদের নামাঙ্কিত ব্যক্তির নাম দিয়ে থাকেন। এটি নিরপরাধ বিধবা ও শিশুদের অনেকটাই সাহায্য করবে, যাদের প্রাপ্য অ্যাকাউন্টের অর্থ পেতে আদালতের লম্বা পদ্ধতির মধ্য দিয়ে যেতে হয়।”

৩। উপরের বিষয়টির দিকে দৃষ্টি রেখে, ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন একক অ্যাকাউন্ট খুলতে আসা ব্যক্তির উপর চাপ দেন তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম লিপিবদ্ধ করতে। যদি সেই ব্যক্তি তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম লিপিবদ্ধ করতে অস্বীকার করেন তবে ব্যাংক তাঁকে নামাঙ্কনের সুবিধা সম্পন্নে ব্যাখ্যা করবে। সেই ব্যক্তি যদি তবুও তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম নথিবদ্ধ করতে না চান তবে ব্যাংক তাঁর কাছ থেকে এই মর্মে একটি চিঠি চাইবে যাতে লেখা থাকবে তিনি তাঁর অ্যাকাউন্টটিকে নামাঙ্কন করতে চান না। যদি তিনি সেই চিঠি দিতে না চান তবে এই বিষয়টি অ্যাকাউন্ট খোলার ফর্মে লিখে অ্যাকাউন্টটি খোলা যেতে পারে, যদি অ্যাকাউন্ট খোলার জন্য অন্য সব যোগ্যতামান ঠিক থাকে। ব্যাংক কোনোভাবেই শুধুমাত্র নামাঙ্কন করা হয়নি বলে অ্যাউন্ট খুলতে অস্বীকার করতে পারে না।

৪। এছাড়াও ব্যাংকগুলির দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে আমাদের বিজ্ঞপ্তি নং DBOD.No.BC.15/09.08.004/96-97 তারিখ ফেব্রুয়ারি ২৮, ১৯৯৭ -এর দিকে যেখানে বলা হয়েছিল যে সম্পূর্ণ একক মালিকানাধীন সংস্থার নামে রাখা আমানত অ্যাকাউন্টগুলিকেও নামাঙ্কনের সুবিধার আওতায় আনা যাবে। ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হচ্ছে উপরোক্ত বিজ্ঞপ্তিতে দেওয়া একক মালিকানাধীন সংস্থার নামে রাখা আমানত অ্যাকাউন্ট রাখার ক্ষেত্রে যে পদ্ধতি নির্দেশিত করা আছে তা মেনে চলতে।

ইতি ভবদীয়,

(প্রশান্ত সর্বন)
চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ